গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৫১

**তরুণদের ঐক্য, কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দেশকে বদলাতে হবে**
**- চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক**

রাজশাহী; ১৯ অগ্রহায়ণ (০৪ ডিসেম্বর):

চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসক মো. শাহাদাত হোসেন মাসুদ বলেছেন, তরুণদের ঐক্য কর্মসংস্থান ও অর্থনৈতিক উন্নয়নের মাধ্যমে দেশকে বদলে দিতে হবে। এ জন্য টেকসই সামাজিক উন্নয়ন প্রয়োজন।

আজ বৃহস্পতিবার (০৪ ডিসেম্বর) সকালে তারুণ্যনির্ভর নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। চাঁপাইনবাবগঞ্জ জেলা তথ্য অফিস এ সভার আয়োজন করে।

জেলা প্রশাসক বলেন, নিজেকে বদলাতে হলে বিভিন্ন মাধ্যমে জ্ঞান অর্জন করতে হবে। এই মাধ্যমগুলোর মধ্যে শিক্ষা অন্যতম। কারণ শিক্ষা থেকে তরুণরা দূরে চলে গেলে সামাজিক ব্যত্যয় ঘটবে।

সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন অতিরিক্ত জেলা প্রশাসক মোছা. রুমানা আফরোজ।

অতিরিক্ত জেলা প্রশাসক মো. নাকিব হাসান তরফদার এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তৃতা করেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মো. গোলাম মোস্তফা, জেলা পরিবার পরিকল্পনা দপ্তরের উপপরিচালক শুকলাল বৈদ্য, জেলা শিক্ষা অফিসার মো. আব্দুল মতিন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা সমন্বয়ক আব্দুর রহিমপ প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জেলা তথ্য অফিসার আব্দুল আহাদ।

সভায় বক্তাগণ তরুণ সমাজের গৌরবোজ্জ্বল ইতিহাস ও প্রতিভার কথা উল্লেখ করেন এবং এ প্রতিভা বিকশিত করার মাধ্যমে নিজেকে, সমাজকে ও দেশকে কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছে দেওয়ার আহ্বান জানান। পাশাপাশি তাদের প্রতিভা বিকাশে একটি উপযুক্ত পরিবেশ সৃষ্টিতে সকলের দায়িত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরেন।

সভায় জেলার বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ, শিক্ষার্থী, মসজিদের ইমাম, সাংবাদিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

.........................................................

রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৬:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd